বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ।
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.১১.৩৫০০.০০০.৪০.০১৩.২৬-২২৬ তারিখঃ ১০ আগস্ট ২০২৬ খ্রি:

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১০ অনুসারে ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫ অনুযায়ী ভোটগ্রহণের নিমিত্ত গোপালগঞ্জ জেলার ০৫(পাঁচ)টি উপজেলার (মুকসুদপুর, কাশিয়ানী, কোটালীপাড়া, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ সদর), খসড়া ভোটকেন্দ্রের তালিকা আমি মোঃ অলিউল ইসলাম, জেলা নির্বাচন অফিসার, গোপালগঞ্জ অদ্য ১০ আগস্ট ২০২৬ তারিখে প্রকাশ করলাম। প্রকাশিত খসড়া তালিকার উপর দাবী/আপত্তি আগামী ১৮ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (জেলা নির্বাচন অফিস, গোপালগঞ্জ) গ্রহণ করা হবে। এছাড়াও নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ১৫ জুলাই ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৯০.৪৪.০১২.২৬-৩৭১ নং স্মারকের নির্দেশনা মোতাবেক নিম্নরূপ সময়সূচি অনুযায়ী সম্ভাব্য ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

| | | |
|---|---|---|
| ক) ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ | : | ১০ আগস্ট ২০২৬ |
| খ) ভোটাকেন্দ্রের খসড়া তালিকার উপর দাবী/ আপত্তি গ্রহণের শেষ তারিখ | : | ১৮ আগস্ট ২০২৬ |
| গ) প্রাপ্ত দাবী/ আপত্তি নিষ্পত্তির শেষ তারিখ | : | ২৩ আগস্ট ২০২৬ |
| ঘ) সম্ভাব্য ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ | : | ২৭ আগস্ট ২০২৬ |

স্থান : জেলা নির্বাচন অফিসারের কার্যালয়,
গোপালগঞ্জ

(মোঃ অলিউল ইসলাম)
জেলা নির্বাচন অফিসার
গোপালগঞ্জ
ফোনঃ০২৪৭৯৯৬১১০৬(অফিস)
ইমেইলঃdeoecgopalganj@gmail.com

স্মারক নং-১৭.১১.৩৫০০.০০০.৪০.০১৩.২৬-২২৬ তারিখঃ ১০ আগস্ট ২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর
৪। পুলিশ সুপার, গোপালগঞ্জ
৫। প্রশাসক, উপজেলা পরিষদ (গোপালগঞ্জ সদর/মুকসুদপুর/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া/কাশিয়ানী), গোপালগঞ্জ
৬। উপজেলা নির্বাহী অফিসার........(সকল), গোপালগঞ্জ
৭। উপজেলা নির্বাচন অফিসার........(সকল), গোপালগঞ্জ **(বিজ্ঞপ্তি এবং তালিকা স্ব-স্ব নোটিশ বোর্ডসহ জনগুরুত্বপূর্ণ স্থানে টাঙিয়ে রাখার জন্য অনুরোধ করা হলো)**
৮। অফিসার ইনচার্জ........ (সকল), গোপালগঞ্জ
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব/রিপোটার্স ক্লাব গোপালগঞ্জ
১০। ........................................গোপালগঞ্জ
১১। অফিস নথি।

জেলা নির্বাচন অফিসার
গোপালগঞ্জ